বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৯ সালের ১ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এম আসলাম আলম
রেক্টর (সিনিয়র সচিব)

সভার তারিখ : ২৮ জানুয়ারি ২০১৯

সভার সময় : বেলা ০২:৩০ টা

স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ভিত্তিক আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনঃ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	গত ২৬.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত ১২ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	গত ২৬.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত ১২তম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না-থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
২	প্রবিধানমালা সংশোধন	প্রবিধানমালা সংশোধনের কার্যক্রম অব্যাহত। কমিটি কর্তৃক প্রণীত প্রবিধানমালার বিধি অংশ ব্যাপক পরিমার্জন প্রয়োজন। প্রবিধানমালার তফসিল পিএটিপি-২০০৩ এর আলোকে কর্মকর্তা/কর্মচারীদের সরাসরি নিয়োগ ও পদোন্নতির বিষয়াদি পরিমার্জন করা হচ্ছে মর্মে আলোচনা হয়।	অর্গানোগ্রামের খসড়া চূড়ান্ত হওয়ার পর রেক্টর এর পরামর্শক্রমে যেসকল পদের দু'টি স্কেল রয়েছে সেগুলো একটি স্কেলে রূপান্তর এবং পদসমূহের ফিডার পদ ঠিক করে দ্রুততার সাথে প্রবিধানমালার খসড়া চূড়ান্ত করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি)/ পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	অনুমোদিত জনবল সঠিক রেখে অর্গানোগ্রাম প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। অর্গানোগ্রাম রেক্টর মহোদয়ের অনুমোদনের জন্য সার-সংক্ষেপ পেশ করার বিষয়ে আলোচনা হয়।	অর্গানোগ্রাম-এর খসড়া রেক্টর মহোদয়ের অনুমোদনের জন্য সার-সংক্ষেপ উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি)/ পরিচালক (প্রশাসন)

৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	উপপরিচালক (অর্থ) জানান- গত ১৭/১২/২০১৮ খ্রি. অনুষ্ঠিত ৩য় ত্রিপক্ষীয় অডিট সভায় মোট ২০টি আপত্তির মধ্যে সুপারিশকৃত ১৭টি আপত্তি নিষ্পত্তির জন্য যোগাযোগ অব্যাহত রয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	সুপারিশকৃত/অনিষ্পন্ন অডিট আপত্তি চূড়ান্ত নিষ্পত্তি না পাওয়া পর্যন্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (অর্থ)
৫	বকেয়া কোর্স ফি আদায়	ক) a. ২০০৬-২০০৭ হতে ২০১৬-২০১৭ পর্যন্ত বকেয়া কোর্স ফি মোট = ৪,৫৯,০০০/- (চার লক্ষ উনষাট হাজার) টাকার মধ্যে আদায় হয়েছে ২০,০০০/- (বিশ হাজার) টাকা। অবশিষ্ট বকেয়া কোর্স ফি রয়েছে ৪,৩৯,০০০/- (চার লক্ষ উনচল্লিশ হাজার) টাকা। b. ২০১৭-২০১৮ অর্থ বছরে বকেয়া কোর্স ফি ১২,১৪,৫০০/- (বারো লক্ষ চৌদ্দ হাজার পাঁচশত) টাকার মধ্যে জানুয়ারি ২০১৯ মাসে কোন টাকা আদায় হয়নি। C. ২০১৮-২০১৯ অর্থ বছরে বকেয়া কোর্স ফির পরিমাণ ২০,৫২,০০০/- (বিশ লক্ষ বায়ান্ন হাজার) টাকা। জানুয়ারি ২০১৯ মাসে আদায় হয়েছে ৩,২৬,০০০/- (তিন লক্ষ ছাব্বিশ হাজার) এবং অবশিষ্ট রয়েছে ১৭, ২৬,০০০/- (সতেরো লক্ষ ছাব্বিশ হাজার) টাকা।	খ) নতুন এবং পুরাতন বকেয়া কোর্স ফি আদায়ের জন্য সংশ্লিষ্ট সচিব/প্রতিষ্ঠান প্রধানগণকে ঘন ঘন ই-নথির মাধ্যমে তাগাদা দিতে হবে।
		খ) নতুন ও পুরাতন বকেয়া কোর্স ফি আদায়ের জন্য অর্থ অধিশাখা হতে প্রাপ্ত তালিকা মোতাবেক বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের ২৭ জন কর্মকর্তাকে ই-নথি মারফত পত্র প্রেরণ করা হয়েছে এবং আরো ২ জন কর্মকর্তার সাথে টেলিফোনে আলাপ হয়েছে; এছাড়া যাদের কাছে বেশি পাওনা আছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	খ) যাদের কাছে বেশি বকেয়া পাওনা আছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করে কোর্স ফি আদায় ত্বরান্বিত করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (পিপিআর/অর্থ)

৬	ই-নথি কার্যক্রম	ক) ই-নথি কার্যক্রম অব্যাহত রয়েছে। ১-২২ জানুয়ারি ২০১৯ পর্যন্ত মোট ৫০টি পত্রজারি হয়েছে। সংযুক্তি ব্যতিত অন্য সকল পত্র ই-নথির মাধ্যমে জারির বিষয়ে আলোচনা হয়। খ) Bandwidth Manager এর মাধ্যমে ইন্টারনেট Bandwidth পলিসি অনুসারে সরবরাহ করা হচ্ছে। ইন্টারনেট এর গতি বাড়ানোর জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। গ) ভিডিও কনফারেন্স সিস্টেম-এ আরপিএটিসি'র সাথে দ্রুত সংযোগ স্থাপনের জন্য বিসিসিকে পত্র প্রেরণ করা হয়েছে এবং a2i এর পক্ষ থেকে সংযোগ স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য লিয়েনে কর্মরত জনাব মোহাম্মদ জিয়াউল ইসলামকে উক্ত পত্রের অনুলিপি প্রদান করা হয়েছে মর্মে আলোচনা হয়।	ক) ই-নথির মাধ্যমে পত্র জারির সংখ্যা আরো বাড়াতে হবে। সংযুক্তি খুব বেশী না হলে সকল পত্র ই-নথির মাধ্যমে জারি করতে হবে। বাস্তবায়নে: সকল শাখা প্রধান খ) ইন্টারনেট এর গতি বাড়ানোর জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। কেন্দ্রের বিভিন্ন দপ্তরের কোথায় কতটুকু ইন্টারনেট সরবরাহ/ব্যবহার হচ্ছে তা Bandwidth Manager –এর মাধ্যমে নির্ধারণ/বিদ্যমান সমস্যাসমূহ ১ সপ্তাহের মধ্যে ঠিক করতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:) গ) ভিডিও কনফারেন্স সিস্টেম-এ আরপিএটিসি'র সাথে দ্রুত সংযোগ স্থাপনের জন্য প্রয়োজনীয় সামগ্রী ক্রয় করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি) এবং সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:)
৭	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	e-GP'র মাধ্যমে ক্রয় কার্যক্রম অব্যাহত আছে।	e-GP'র মাধ্যমে ক্রয় কার্যক্রম আরো বাড়াতে হবে এবং জুন মাসের পূর্বেই কেন্দ্রের যাবতীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (সেবা)
৮	ওয়েবসাইট আপডেটকরণ	ক) প্রতিনিয়ত পর্যবেক্ষণ এবং Completed Event হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। খ) Important News Tab –এ International Symposium বিষয়ক তথ্য সন্নিবেশসহ অন্যান্য হালনাগাদ তথ্য/খবর প্রকাশের বিষয়ে আলোচনা হয়।	ক) কেন্দ্রের ওয়েবসাইট প্রতিনিয়ত পর্যবেক্ষণ এবং Completed Event হালনাগাদ অব্যাহত রাখতে হবে। খ) বিপিএটিসি ওয়েবসাইটে Important News Tab-এ International Symposium, Conference Tab –এ Detailed Page/Document দিতে হবে। বাস্তবায়নে: প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার-৪